



# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা

ফোনঃ ০৮১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৮১-৭২০৮০৮, Website: [www.khulna-shipyard.com](http://www.khulna-shipyard.com)

E-mail : [Contact@khulna shipyard.com](mailto:Contact@khulna shipyard.com)

মেসার  
.....  
.....  
.....

প্রিয় মহোদয়,

টেক্সার নং বাবি- ২৯/২৫৪/২৪-২৫

তারিখঃ- ৩০/০৭/২০২৪

খোলার তারিখঃ- ০৮/০৮/২০২৪

বেলাঃ ১১-৩০ ঘটিকা

খুশিলির ৪০ টনী জেটি ক্রেন (ISKAR) মেরামত কাজ (মালামালসহ) সাবকন্ট্রাক্ট ভিত্তিতে সম্পাদনের জন্য দরপত্র আহবান প্রসংগে।

১। বিষয়োক্ত কাজের জন্য আপনাদের প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। উক্ত দরপত্র ডাকযোগে/সরাসরি/সৈলিমোহরকৃত বন্ধ খামে অথবা ই-মেইল যোগে ([oiccoml.ksy@gmail.com](mailto:oiccoml.ksy@gmail.com)) প্রেরণ করতে হবে। নির্বারিত সময়ের মধ্যে (সকাল ১১.১৫মিঃ) খুশিলির প্রধান গেটে রক্ষিত টেক্সার বক্সে ফেলতে হবে অথবা প্রেরণ করতে হবে। উক্ত দিন সকাল ১১.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে দরপত্র সমূহ খোলা হবে। মূল্য তালিকা অবশ্যই নিম্নে বর্ণিত শর্তাবলী অনুযায়ী হতে হবে।

## ২। কাজের বিবরণঃ

বিবরণ	মোট মূল্য (টাকা)
(1506 DC model ISKAR Crane) খুশিলির ডকিং শাখার ৪০ টনী জেটি ক্রেনের প্রধান (PLC) এর সিপিইউ (CPU-S7-1500) ইউনিট ক্রটিযুক্ত। এপ্রেক্ষিতে ক্রটিযুক্ত CPU Unite টি অপসারণ করতঃ পর্যবেক্ষণ করে CPU এর মাল্টি লেয়ার পিসিবির একটি SMD (Surface Mount Device) আইসি ক্রটিযুক্ত পাওয়া যায়। এছাড়া PLC তে প্রোগ্রাম Re-install এর প্রয়োজন হতে পারে। উক্ত ISKAR ক্রেন প্রয়োজনীয় যন্ত্রাংশসহ মেরামত পূর্বক টেষ্ট-ট্রায়েল করে দিতে হবে।	টাঃ

Specification of ISKAR Crane PLC:

PLC CPU-S7-1500  
Part No: 6ES7515-2AM01-0AB0  
Together with memory card and crane software loaded/ Installed.  
Brand: SIEMENS  
Country of Origin: Germany

\* সঙ্গেজনক টেষ্ট-ট্রায়েল পরবর্তী ০১ (এক) বৎসরের ওয়ারেন্টি প্রদান করতে হবে।

## ৩। শর্তাবলীঃ

- ক। উক্ত কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং আভিজ্ঞতার প্রমাণ পেশ করতে হবে। উক্ত কাজের জন্য কোন অগ্রিম প্রদান করা হবে না এবং উক্ত কাজের জন্য ঠিকাদারকে দরপত্রের সাথে কার্য মূল্যের ০৩% টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসেবে প্রদান করতে হবে (তালিকাভুক্ত ঠিকাদার ব্যতিত)। প্রদত্ত দরের মেয়াদ ৪০ দিন বলবৎ রাখতে হবে।
- খ। ঠিকাদারকে অবশ্যই বর্ণিত কাজের বিষয়ে স্বচ্ছ ধারণা গ্রহণ করতঃ দর প্রদান করতে হবে এবং প্রদত্ত দরের মধ্যে অবশ্যই ভ্যাট ও আয়কর অন্তর্ভুক্ত থাকতে হবে।
- গ। কাজটি সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব শ্রমিক/ কারিগর দ্বারা খুশিলির অভ্যন্তরে সম্পন্ন করতে হবে। তবে মেরামত কাজের সুবিধার্থে কোন মালামাল বাহিরের ওয়ার্কশপে নেওয়ার প্রয়োজন হলে তা খুশিলি হতে নিজ ব্যবস্থাপনায় নিতে হবে।
- ঘ। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় সমুদ্র স্পেয়ার পার্টস ঠিকাদার কর্তৃক সরবরাহ করতে হবে এবং উক্ত কাজের সমুদ্র মালামাল ও যন্ত্রপাতি অবশ্যই মেইন গেটে এন্ট্রি করে খুশিলির অভ্যন্তরে প্রবেশ করাতে হবে।
- ঙ। কার্যকালিন সময় কোন প্রকার দূর্ঘটনা অথবা দূর্ঘটনাজনিত কারনে ঠিকাদারের কোন শ্রমিক আহত বা মৃত্যুর জন্য খুশিলি কর্তৃপক্ষ দায়ি থাকবে না।
- চ। কার্যাদেশ প্রাপ্তির পর উক্ত কাজ ৩০ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য টাকা ২,০০০.০০ (দুই হাজার) মাত্র জরিমানা আদায় করা হবে।

- |    |   |
|----|---|
| ছ। | কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কর্মদক্ষ জনবল সরবরাহ এবং গুণগতমানসম্পন্ন কাজ করতে ব্যর্থ হলে, খুশিলি কার্যাদেশ বাতিল করে বিকল্প কোন পছায় কাজ সম্পন্ন করতে পারে এবং এক্ষেত্রে (অতিরিক্ত খরচ) ডিফারেন্ট অফ কষ্ট ১ম কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের বিল/ জামানত হতে কর্তন করা করা হবে।  |
| জ। | সংশ্লিষ্ট কাজ কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের তারিখ হতে ০১ (এক) বৎসর এর মধ্যে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজে কোন প্রকার ত্রুটি বিচুতি দেখা দিলে ঠিকাদার তাহার নিজ খরচে উহা মেরামত করিয়া দিবেন এবং মোট মূল্যের ৫% (পাঁচ শতাংশ) গ্যারান্টি হিসাবে ঠিকাদারের বিল থেকে কাটিয়া রাখা হইবে, যাহা ওয়ারেন্টির ০১ (এক) বৎসর সময় সম্মত জনক তাবে অতিক্রান্ত হওয়ার পর ফেরতযোগ্য। |
| ব। | বর্ণিত কাজটি সম্পন্ন করার পর খুশিলির প্রতিনিধি দ্বারা পরিদর্শন সাপেক্ষে, বাস্তব কাজের পরিমাপের ভিত্তিতে এবং সম্মত জনকভাবে সম্পন্ন হয়েছে মর্মে ওআইসি (ডেডিও ইলেকট্রিক্যাল শাখা)/ডিজিএম(ইলেকট্রিক্যাল শাখা)/জিএম (প্রোডাকশন) এর সুপারিশের আলোকে খুশিলির বিধি অনুযায়ী বিল প্রদান করা হবে।  |
| এ। | খুলনা শিপইয়ার্ড কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।  |

W

ମୋଃ ମନିରୁଳ୍ ଇସଲାମ  
ସହକାରୀ ବାଣିଜ୍ୟିକ କର୍ମକର୍ତ୍ତା  
ପଞ୍ଚେ ମ୍ୟାନେଜିଂ ଡାଇରେକ୍ଟର

## টেক্সার কমিটির স্বাক্ষরঃ

## বানিজ্যিক শাখা

তিসাব শাখা

ব্যবহারকারি

আমরা উপরে বর্ণিত সমস্ত শর্তাবলী মেনে নিলাম।

## ঠিকাদারের স্বাক্ষর টিন/ভ্যাটি নিবন্ধন নং